

This Question Paper consists of 30 questions and 7 printed pages.

Roll No.

--	--	--	--	--	--	--	--	--	--	--	--

 Code No. **55/S/O/B**

Set **A**

BENGALI
(বাংলা)
(203)

Day and Date of Examination _____

Signature of Invigilators 1. _____

2. _____

সাধারণ নির্দেশিকা -

1. পরিক্ষার্থী প্রশ্নপত্রের প্রথম পৃষ্ঠায় অবশ্যই তার নাম ও রোল নং লিখিবেন।
2. প্রশ্নপুস্তিকার প্রথম পৃষ্ঠার উপরে ছাপা প্রশ্ন সংখ্যা ও প্রশ্নপত্রের পৃষ্ঠার সংখ্যার সঙ্গে আপনার প্রশ্নপত্রের সংখ্যা মিলিয়ে নিন। প্রশ্নাবলি পরপর আছে কিনা তাও মিলিয়ে নিন।
3. বিষয়মূলক (Objective type) প্রশ্নগুলির উত্তর দেওয়ার জন্য (A), (B), (C), এবং (D) এর যে কোনো একটি সঠিক বিকল্পকে বেছে নিয়ে আপনাকে দেওয়া পৃথক উত্তর পুস্তিকায় সেটি নির্দেশিত করুন।
4. সবগুলি প্রশ্নের উত্তর নির্ধারিত সময়ের মধ্যেই দিতে হবে।
5. নির্দিষ্ট স্থান ছাড়া অন্যস্থানে পরিচয়জ্ঞাপন চিহ্ন দিলে অথবা রোল নাম্বার লিখলে পরীক্ষার্থী অযোগ্য বিবেচিত হতে পারেন।
6. উত্তর পুস্তিকায় প্রশ্নপুস্তিকার Code No. **55/S/O/B-A** লিখুন।

BENGALI
(বাংলা)
(203)

সময় : 3 ঘণ্টা]

[পূর্ণমান : 100

নির্দেশ :

1. সমস্ত প্রশ্ন বাধ্যতামূলক, প্রতিটি প্রশ্নের সঙ্গে নাম্বার দেওয়া আছে।
2. প্রশ্ন সংখ্যা 1-20 বহুমুখী প্রশ্ন, প্রতিটি প্রশ্নের সঙ্গে 4 টি সম্ভাব্য উত্তর দেওয়া আছে, ঠিক উত্তরটি বেছে লিখতে হবে। প্রতিটি প্রশ্নের মান 1 (one)।

1. লালু সকলের কাছে ছিল : 1
(A) শত্রু (B) মিত্র (C) অপ্রিয় (D) প্রিয়
2. শিয়রে দাঁড়িয়ে থাকা তুলে কে দাঁড়িয়ে আছে ? 1
(A) গলিত নখ (B) রক্তচক্ষু (C) উগ্রমূর্তি (D) রণচন্ডী
3. ‘গিরি সংকট, _____ যাত্রীরা, _____ গরজায় বাজ,’
শূন্যস্থান পূরণ করুন : 1
(A) পর্বত, গিরি (B) ভীক, গুরু (C) অচল, পাহাড় (D) সাগর, সমুদ্র
4. সঠিক উত্তরটি বাছুন : 1
(A) হিন্দু না ওরা বৌদ্ধ (B) হিন্দু না ওরা খ্রিস্টান
(C) হিন্দু না ওরা মুসলিম (D) হিন্দু না ওরা শিখ
5. কলকারখানার মতো ব্যয়সাধ্য ও শ্রমসাপেক্ষ কর্মরীতিতে তাঁরা মেতে রইলেন : 1
(A) 2/3 বৎসর (B) 4/5 বৎসর (C) 5/6 বৎসর (D) 3/4 বৎসর
6. ‘সেই ধন্য নরকুলে’ - নরকুলে ধন্য হওয়ার কারণ : 1
(A) লোকে যাকে ভুলে না। (B) লোকে যাকে ভুলে যায়।
(C) লোকে যাকে নিগূণ বলে। (D) লোকে যাকে পায় না।

7. যারা তাঁর হাতের কাজের তারিফ করতো তাঁরা : 1
(A) দামি মাল এমনি দিতেন না। (B) দামি মাল এমনি দিতেন।
(C) দামি মাল পয়সা নিয়ে দিতেন। (D) দামি মাল লুকিয়ে রাখতেন।
8. বৃদ্ধ মাধব শিরোমণি যাচ্ছিলেন : 1
(A) শিষ্য বাড়ি (B) বন্ধু বাড়ি (C) আত্মীয় বাড়ি (D) গুরু বাড়ি
9. নীচের অসম্পূর্ণ বাক্যটিকে সম্পূর্ণ করার জন্য বাক্যাংশ দেওয়া আছে। ঠিক বাক্যাংশটিকে চিহ্নিত করুন : 1
'একদিন অমরায় গিয়ে ছিন্ন খঞ্জনার মতো _____।'
(A) বাংলার নদী মাঠ ভাটফুল কেঁদেছিল পায়
(B) সে নেচেছিল ইন্দের সভায়
(C) শ্যামার নরম গান শুনেছিল
(D) অসংখ্য অশ্বখ বট দেখেছিল
10. এই সময় ডাকাডাকি করছো - 'সময়' বলতে কোন সময়ের কথা বলা হয়েছে? 1
(A) খেলার সময় (B) ঘুমানোর সময়
(C) পড়ার সময় (D) বেড়ানোর সময়
11. ডোনকা সম্মান জানিয়েছিল : 1
(A) মাথা ছুঁয়ে (B) হাত ছুঁয়ে (C) পা ছুঁয়ে (D) হাঁটু ছুঁয়ে
12. রবীন্দ্রনাথের 'ছোঁওয়াছুঁয়ি মন্ত্রতন্ত্র' নাটকে ডালের খেতের উপর অভিষাপ দিয়েছিল : 1
(A) মুসুর ডাল (B) মুগ ডাল (C) খেসারি ডাল (D) অরহড় ডাল
13. 'মিলনের কথা' প্রবন্ধটি পড়ে কোন্ ধারণাটি সত্য ? 1
(A) হিন্দু-মুসলমান-খ্রিস্টান প্রত্যেকটি জাতি আলাদা আলাদা।
(B) ধর্ম আচরন আলাদা হলেও সব মানুষ, আসলে এক।
(C) মানুষ সম্পর্কে শাস্ত্রের নির্দেশই একমাত্র সত্য।
(D) মানুষ সম্পর্কে ধর্মধ্বজাধারীদের কথাই সত্য।

14. দক্ষিণ ভারতের সভ্যতা ও সংস্কৃতি আর্যদের আগমনের পূর্বেই ঘটেছিল বহুদূর পর্যন্ত : 1
 (A) দ্রাবিড়দের সাহায্যে (B) নিগ্রবট্টদের সাহায্যে
 (C) ইংরেজদের সাহায্যে (D) মুঘলদের সাহায্যে
15. ‘মানুষ বড়ো একলা’ - এখানে কবি মানুষ বলতে কোন্ ধরনের মানুষের কথা বুঝিয়েছেন ? 1
 (A) সঙ্গীহীন (B) অসহায় (C) নিঃশ্ব (D) বিচ্ছিন্ন
16. ‘কেউ করে মৃদু তিরস্কার’ - তিরস্কার কথার অর্থ : 1
 (A) প্রশ্ন করা (B) ভৎসনা (C) বিদ্ব করা (D) অহংকার
17. ‘পিয়ানোর গান’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত : 1
 (A) ‘ছাড়পত্র’ (B) ‘সানাই’ (C) ‘অব্র-আবীর’ (D) ‘আরোগ্য’
18. লালু তার হাতের রক্তমাখা খাঁড়াটা ঘুরিয়েছিল : 1
 (A) বার - দুই (B) বার - তিন (C) বার - চার (D) বার - পাঁচ
19. ‘কান্ডারী হুঁশিয়ার’ কবিতাটি কার লেখা ? 1
 (A) রবীন্দ্রনাথ ঠাকুর (B) বুদ্ধদেব বসু
 (C) শক্তি চট্টোপাধ্যায় (D) কাজী নজরুল ইসলাম
20. ‘বঙ্গভূমির প্রতি’ কবিতায় কবি ‘তামরস’ শব্দ ব্যবহার করেছেন। ‘তামরস’ শব্দের অর্থ কি ? 1
 (A) পদ্মফুল (B) সালুক ফুল
 (C) কলমী ফুল (D) কোনোটিই নয়
- (21 (ক) - 21 (চ) প্রশ্ন গুলির উত্তর 10 - 12টি শব্দে দিন।)
21. (ক) ‘শুধু ভাঙা নয়’ কবিতায় কবি কোন্ কাজে মন দিতে বলেছে ? 1
 (খ) ‘কান্ডারী হুঁশিয়ার’ কবিতায় নৌকা দুলছে কেন ? 1
 (গ) ‘বঙ্গভূমির প্রতি’ কবিতায় কবি অমরত্বের কথা কীভাবে বলেছেন ? 1
 (ঘ) ‘ধ্বংস’ প্রবন্ধে জ্যাক কাকে বিয়ে করতে চাইছিল ? 1
 (ঙ) ‘এলিং’ সংস্কৃতি কোন্ সাহিত্যের প্রভাবে সর্বস্তরে বিস্তার ঘটে। 1
 (চ) দ্বিতীয় শোনপাংশ কাকে কাঁধে নিয়ে নাচতে চাইছে ? 1

(22 (ক) - 22 (চ) প্রশ্ন গুলির উত্তর অনধিক 30টি শব্দে লিখুন।)

22. (ক) 'ছাড়পত্র' কবিতায় শিশুদের দৈহিক ও মানসিক প্রকৃতি কেমন ? 2
- (খ) 'ওরা কাজ করে' কবিতায় 'ওরা' কী কাজ করে ? 2
- (গ) 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতায় প্রাচীন বাংলা কাব্যের কোন্ কোন্ চরিত্রের কথা উল্লেখ আছে ? 2
- (ঘ) 'মিলনের কথা' প্রবন্ধে 'হাতে খড়ি'র কয়েকটি সংখ্যায় কিসের ইচ্ছা প্রকাশ পায় ? 2
- (ঙ) 'ভারতীয় সংস্কৃতির ধারা' প্রবন্ধে শুদ্র জাতি কীভাবে শিক্ষা লাভ করতো ? 2
- (চ) 'তোদের দাদাঠাকুর কিছুতেই মানা করবে না।' - দাদা ঠাকুর কিছুতেই মানা করবে না কেন ? 2

(23 (ক), 23 (খ) প্রশ্ন দুটি অনধিক 40 - 42টি শব্দে লিখুন।)

- (ক) আমাদের দেশে 'রেনেসাঁস ও এনলাইটেনমেন্ট' কীভাবে ঘটেছিল ? 3
- (খ) 'দাঁড়াও' কবিতায় মানুষের কেমনভাবে জীবন কাটছে বলে তুমি মনে করো ? 3
24. 'লালু' গল্পে লালুর আবেদন কী ছিল তা অনধিক 100টি শব্দে উত্তর দিন। 8

অথবা

তারাচাঁদ বিশ্বাস জলসত্র বসিয়েছিলেন কেন ?

(অনধিক 100 টি শব্দে উত্তর দিন)

25. 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতায় কবি বাংলার মুখ দেখার পর কেন আর পৃথিবীর রূপ দেখতে চান না? (অনধিক 100 টি শব্দে উত্তর দিন) 8

অথবা

“জানি তার পন্যবাহী সেনা

জ্যোতিষ্কলোকের পথে রেখামাত্র চিহ্ন রাখিবে না” -

উদ্ধৃত অংশে কীসের চিহ্ন রাখবে না বলে কবি উল্লেখ করেছেন-তা বিশদভাবে আলোচনা করো।

26. “তোদের প্রশ্ন জিজ্ঞাসা করতে আর সাহস হচ্ছেনা।” - এই কথাটি কে বলেছিল ? কি প্রসঙ্গে বলেছিল ? বক্তা তখন কী উত্তর দিয়েছিল? 6

27. (ক) নিম্নলিখিত যে-কোনো 4টি সমার্থক শব্দ লিখুন : 4

(i) পুরস্কার (ii) অবসন্ন (iii) তৃষ্ণা (iv) সন্ধান (v) পুত্র

(খ) নিম্নলিখিত যে-কোনো 4টি শব্দ কোন্ শ্রেণীর শব্দ তা নির্ণয় করুন : 4

(i) নদী (ii) রাত্তির (iii) ডালা (iv) সেই (v) সন্ধ্যা

(গ) নিম্নলিখিত যে-কোনো 4টি প্রকৃতি প্রত্যয় নির্ণয় করুন : 4

(i) চন্দক (ii) পঞ্চক (iii) দর্শন (iv) দেয় (v) কর্তা

(ঘ) নিম্নলিখিত যে-কোনো 4টি প্রবাদ-প্রবচনের সাহায্যে বাক্য রচনা করুন : 4

- (i) তুলসী বনের বাঘ।
- (ii) দেশের লাঠি একের বোঝা।
- (iii) গৌরচন্দ্রিকা
- (iv) গেঁয়ো যোগী ভিখ পায়না।
- (v) মাটির মানুষ

28. অনধিক 75টি শব্দে ভাবসম্প্রসারণ করুন : 5

জগৎ জুড়িয়া এক জাতি আছে, সে জাতির নাম

মানুষ জাতি ;

একই পৃথিবীর স্তন্যে লালিত, একই রবিশশী মোদের সাথী।

অথবা

নদীর এপার কহে ছাড়িয়া নিঃশ্বাস

‘ওপারেতে সর্বসুখ আমার বিশ্বাস।’

নদীর ওপার বসি দীর্ঘশ্বাস ছাড়ে

কহে, ‘যাহা কিছু সুখ সকলি ওপারে।’

29. গ্রামে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য স্বাস্থ্য অধিকর্তার কাছে আবেদন জানিয়ে পত্র রচনা করুন। 5

অথবা

একটি বই পড়ে তোমার ভালো লেগেছে। কেন ভালো লেগেছে, তার কারণ জানিয়ে বন্ধুর কাছে পত্র লিখুন।

30. যে-কোনো একটি বিষয়কে অবলম্বন করে অনধিক 120টি শব্দে প্রবন্ধ লিখুন। 8

(ক) বাংলায় বর্ষাকাল :

(প্রবন্ধ সংকেত : ভূমিকা-বর্ষার আবির্ভাব - বর্ষার রূপবিস্তার-বর্ষার রূপ গ্রামে ও শহরে - বর্ষার প্রভাব - বর্ষা সাহিত্যে ও উৎসবে - উপসংহার।)

(খ) ছাত্রজীবনে শৃঙ্খলাবোধ ও নিয়মানুবর্তিতা :

(প্রবন্ধ সংকেত : ভূমিকা - শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতা - বিদেশে শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতা - এদেশে শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতা - শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতার প্রয়োজন - ছাত্রজীবনে এর গুরুত্ব - উপসংহার।)

(গ) বিজ্ঞান, কুসংস্কার ও ছাত্রসমাজের ভূমিকা :

(প্রবন্ধ সংকেত : ভূমিকা - বিজ্ঞান ও কুসংস্কার কাকে বলে - কুসংস্কারের উৎপত্তি- বিজ্ঞানের জয়যাত্রা - কুসংস্কারের দৃষ্টান্ত - কুসংস্কার সহায়ক শক্তি- কুসংস্কারের বিরুদ্ধে বিজ্ঞান- কুসংস্কার দূরীকরণে ছাত্রসমাজ - উপসংহার।)

(ঘ) বিজ্ঞানী সাহিত্য সাধক :

(প্রবন্ধ সংকেত : ভূমিকা- জীবনের প্রথম পর্ব - কর্মজীবন- রচনাকর্ম - উপসংহার)

- o O o -



